



বিজ্ঞপ্তি

খ- ইউনিট ভর্তি-পরীক্ষা ২০১৮-২০১৯

শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর জ্ঞাতব্য ও করণীয়

ঢাকা বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রতিবন্ধী কোটার আওতায় অন্তর্ভুক্তিমূলক মানবিক সমাজ বিনির্মাণের ও বাস্তবতা বিবেচনায় নিয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ থেকে শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকেও প্রতিবন্ধী কোটায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ভর্তি পরীক্ষায় কৃতকার্য শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে তাদের প্রতিবন্ধিত্বের প্রমাণপত্র ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে কলা অনুষদের ডিন অফিস থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে উক্ত অফিসে জমা দিতে হবে। উল্লেখ্য যে, যারা ইতোমধ্যেই দৃষ্টি, শ্রবণ ও বাক প্রতিবন্ধী কোটা-সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ করেছে তাদের জন্য এই বিজ্ঞপ্তি প্রযোজ্য নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় নির্ধারিত শারীরিক প্রতিবন্ধিত্বের মাপকাঠি অনুসরণ করে সংশ্লিষ্ট প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে। তাদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ যথা সময়ে ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)
ডিন, কলা অনুষদ
ও
প্রধান সমন্বয়কারী
খ-ইউনিট ভর্তি-পরীক্ষা ২০১৮-২০১৯